

৪

৩

শিক্ষা উপদেষ্টা সকাশে
বেসরকারী কলেজ
শিক্ষক প্রতিনিধিদল
বাংলাদেশ কলেজ শিক্ষক
সমিতির মহা-সম্পাদক অধ্যাপক
এম, শরীফুল ইসলামের নেতৃত্বে
বেসরকারী কলেজ শিক্ষকের ৭
সদস্যের একটি প্রতিনিধিদল গত
শনিবার সচিবালয়ে শিক্ষা উপদেষ্টা
প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর
সহিত সাক্ষাৎ করেন। দলটি
(৪র্থ পৃ: ড্র:)

শিক্ষা উপদেষ্টা সকাশে
(৩য় পৃ: পর)
শিক্ষা উপদেষ্টাকে আসন্ন নির্বাচন
সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের
লক্ষ্যে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি-
দের ভয় ও ভীতিহীনভাবে দায়িত্ব
সম্পাদনের নিশ্চয়তা বিধান,
নির্বাচনে নিয়োজিত শিক্ষকসহ
সংশ্লিষ্ট ব্যক্তিদের সম্মানী বৃদ্ধি,
ভোট কেন্দ্রে অবস্থিত ব্যক্তিদের
প্রবেশাধিকার কঠোরভাবে নিয়ন্ত্রণ
ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের
শিক্ষক কর্মচারীদেরকে সরকারী
শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় ১০%
মহার্ঘভাতা প্রদানের দাবী জানান।
শিক্ষা উপদেষ্টা যথানিয়মে প্রয়ো-
জনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস
দেন। —প্রেসবিজ্ঞপ্তি